

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.hsd.gov.bd



নং-৪৫.০০.০০০০.১২২.২৭.১০৯.২০২০-৪০০

তারিখঃ ০৫.১১.২০২০ খ্রি.

বিষয়: ডা. মোঃ হামায়ুন কবির (১১০০০১), সহযোগী অধ্যাপক, কার্ডিওলজি বিভাগ, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা

বিভাগীয় মামলা নং ~~৮৩৩~~/২০২০

অভিযোগনামা

যেহেতু আপনি ডা. মোঃ হামায়ুন কবির (১১০০০১), সহযোগী অধ্যাপক, কার্ডিওলজি বিভাগ, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-২ শাখার ২৩.০২.২০১২ খ্রি. তারিখের ১০৯ নং স্মারকে প্রকাশিত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের ২৫৫ (দুইশত পঞ্চাশ) জন কর্মকর্তার চাকুরি স্থায়ীকরণের আদেশ জালিয়াতি করে ১০৯ ক্রমিক নম্বরে বর্ণিত ডা. এ. এস. এম. হামায়ুন কবীর (১১২৬২০) এর স্থলে আপনার নিজের নাম উক্ত আদেশে অন্তর্ভুক্ত করেছেন;


যেহেতু আপনি উপরোল্লিখিত মিথ্যা তথ্য দিয়ে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য স্বাস্থ্য সেবা বিভাগে আবেদন করেছেন;

যেহেতু আপনার উপর্যুক্ত কর্মকান্ড সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে এ নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

একইসঙ্গে, আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।


০৫.১১.২০২০

(মো. আবদুল মান্নান)

— সচিব

ডা. মোঃ হামায়ুন কবির (১১০০০১)

সহযোগী অধ্যাপক

কার্ডিওলজি বিভাগ

জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা

নং- ৪৫.০০.০০০০.১২২.২৭.১০৯.২০২০- ৪০০/১ (১০)

তারিখঃ ০৫.১১.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারীকৃত প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের অনুরোধসহ)

- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেজে সংরক্ষণ করার অনুরোধসহ)
- ৪। অধ্যক্ষ ও পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। অফিস কপি


০৫.১১.২০২০
(মোঃ শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hds.gov.bd

অভিযোগ বিবরণী

আপনি ডা. মোঃ হুমায়ুন কবির (১১০০০১), সহযোগী অধ্যাপক, কার্ডিওলজি বিভাগ, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-২ শাখার ২৩.০২.২০১২ খ্রি. তারিখের ১০৯ নং স্মারকে প্রকাশিত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের ২৫৫ (দুইশত পঞ্চাশ) জন কর্মকর্তার চাকুরি স্থায়ীকরণের আদেশ জালিয়াতি করে ১০৯ ক্রমিক নম্বরে বর্ণিত ডা. এ. এস. এম. হুমায়ুন কবীর (১১২৬২০) এর স্থলে আপনার নিজের নাম উক্ত আদেশে অন্তর্ভুক্ত করেছেন;

আপনি উপরোল্লিখিত মিথ্যা তথ্য দিয়ে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য স্বাস্থ্য সেবা বিভাগে আবেদন করেছেন;

আপনার উপর্যুক্ত কর্মকাণ্ড সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত কার্যকলাপ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে অভিযুক্ত হয়েছেন।


০৫.১১.২০২০

(মো. আবদুল মান্নান)
সচিব